

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩২৫.১৬ ২৬৯২

তারিখ : ২২/১২/২০১৬ খ্রিঃ


বিষয় : মতামত/প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং- টিএসসি/ছাতক/৩৩৮৮ তারিখ : ০২/১১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজের হিসাব রক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম এর দুর্নীতি সম্পর্কিত একখানা অভিযোগ পাওয়ার পর এ বিষয়ের প্রেক্ষিতে অধিদপ্তর হতে ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ-এর মতামত/প্রতিবেদন চাওয়া হয়। তিনি মতামত/প্রতিবেদন প্রেরণ করেন। কিন্তু এ প্রতিবেদনে নিম্নলিখিত বিষয়ের ব্যাখ্যা প্রদান করেন নি-

২. হিসাব রক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম সহকারী সুপার কোয়ার্টার বরাদ্দ পান কিনা এবং কোয়ার্টারটি বরাদ্দ দেয়ার পর বিধি মোতাবেক ভাড়া কর্তন করেছেন কিনা তা জানান নি। ভাড়া কর্তন করলে কত বেতন স্কেলে/কোন বিধি বিধানের আলোকে/ ভিত্তিতে কর্তন করেন। এ বিষয়ে তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা তার ব্যাখ্যা দেননি। বাসা বরাদ্দ বাতিলের পর বাসাটি নিরাপত্তা শাখায় বুঝিয়ে দেয়া হয়নি। অতঃপর আবার একই ব্যক্তিকে বাসা বরাদ্দ দেয়া হয়। গত ০১/০৪/২০১৫ খ্রিঃ হতে ৩১/০৮/২০১৬ খ্রিঃ পর্যন্ত মোট ৪ (চার) মাস কোয়ার্টারটির ভাড়া আদায় করা হয়েছে কিনা এসমস্ত বিষয়গুলি স্পষ্ট নয়।
৩. বিধি বর্হিভূতভাবে ছাত্রী বেতন কর্তনের বিষয়ে হিসাব রক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম ভুল স্বীকার করে ক্ষমা চেয়েছেন-এর স্বপক্ষে কোন প্রমানক দাখিল করেননি।
৪. এমতাবস্থায়, ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ-কে উল্লেখিত বিষয়গুলির উপর কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মতামত/প্রতিবেদন প্রমানকসহ প্রেরণ করার জন্য বলা হ'ল।

অধ্যক্ষ  
ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজ  
ছাতক, সুনামগঞ্জ।

  
২৪.১২.২০১৬  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

অনুলিপি:

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।